আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**10 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ভারত দারিদ্র দূরীকরণ, ক্ষুধা নির্মূল এবং যুবক-যুবতীদের সমান সুযোগ প্রদানের ক্ষেত্রে নীতি রূপয়নের মাধ্যমে সমগ্র বিশ্বের কাছে একটি উজ্জ্বল উদাহরণ তুলে ধরেছে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর মন্তব্য ।

২) শাসক-বিরোধীদের মধ্যে প্রচন্ড তর্ক-বিতর্কের ফলে সৃষ্টি হওয়া হৈ-হট্টগোলপূর্ণ পরিস্থিতির জন্য আজও সংসদের উভয় সভার কাজ-কর্ম ব্যহত ।

৩) দেশের ৫১টি কেন্দ্রে আগামীকাল স্মার্ট হেকাথনের সপ্তম পর্বের ফাইনাল আরম্ভ ।

এবং

৪) গৌহাটি সহ দেশের ৭টি স্থানে সাইবার অপরাধী শনাক্তকরণের জন্য সাইবার সমন্বয় দল গঠন ।

----------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারত দারিদ্র দূরীকরণ, ক্ষুধা নির্মূল এবং যুবক-যুবতীদের সমান সুযোগ প্রদানের ক্ষেত্রে নীতি রূপয়নের মাধ্যমে সমগ্র বিশ্বের কাছে একটি উজ্জ্বল উদাহরণ তুলে ধরেছে । নতুন দিল্লীতে আজ মানব অধিকার দিবস উপলক্ষে জাতীয় মানবাধাকির কমিশনের আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দিয়ে শ্রীমতী দ্রৌপদী মুর্মু এ কথা বলেন । তিনি ন্যায়পালিকা এবং এই ক্ষেত্রের প্রধান অংশীদার সহ জাতীয় মানবাধিকার কমিশন এবং অন্যান্য কমিশনগুলির কাজকর্মের

খোজ খবর নেনে । উল্লেখ্য যে এই দিবস উদযাপনের সঙ্গে সঙ্গতি রেখে আজ মানসিক উৎকর্ষ সাধন, শ্রেনীকোঠা থেকে কর্মক্ষেত্র পর্যন্ত মানসিক চাপ নিয়ন্ত্রণ সম্পর্কে একদিনব্যাপী জাতীয় সম্মিলনের আয়োজন করা হয় ।

------------------------------------------------------------------------------------

দেশের একটি প্রথম সারির ব্যাসায়িক গোষ্ঠীর উৎকোচ প্রদানের অভিযোগকে কেন্দ্র করে সৃষ্টি হওয়া হৈ-হট্টগোল পরিস্থিতির জন্য আজও লোকসভা এবং রাজ্যসভার কাজ-কর্ম ব্যাহত হয় । লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে সভার কাজ-কর্ম দুপুর ১২টা পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করেন । অধ্যক্ষ শ্রী বিড়লা বিরোধী সদস্যদের আচরণ সভার কাজ-কর্ম পরিচালনা করার জন্য অনুকূল নয় বলে মন্তব্য করার বিরুদ্ধে কংগ্রেস এবং অন্যান্য দলসমূহ হৈ-হট্টগোল পরিস্থিতি সৃষ্টি করায় অধ্যক্ষ্য সভার কাজ স্থগিত রাখতে বাধ্য হন । দুপুর ১২টার পর লোকসভা পুনরায় মিলিত হওয়ার পর সংসদীয় পরিক্রমা মন্ত্রী শ্রী কিরেন রিজিজু কংগ্রেস দলের সাংসদদের আচরণ নিয়ে গভীর অসন্তুষ্টি প্রকাশ করেন । তিনি কংগ্রেস দলের সদস্যরা সভার কর্ম পরিচালনা ব্যাহত করছে বলে অভিযোগ এনে তাদের ক্ষমা চাওয়ার দাবী জানান ।

এদিকে রাজ্যসভায়ও আজ আম আদমী পার্টীর সাংসদ সঞ্জয় সিং দিল্লীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বেশ কয়েকটি বিষয় উত্থাপন করার চেষ্টা করেন । রাজ্যসভার সভাপতি জগদীপ ধনখর শ্রী সিং-এর দাবীর প্রতি কোন ধরণের গুরুত্ব না দেওয়ায় বিরোধী সদস্যরা সভায় হৈ-হট্টগোল পরিস্থিতি সৃষ্টি করেন ফলে সভার কাজ-কর্ম স্থগিত রাখতে হয় ।

------------------------------------------------------------------------------------

বিরোধী দলের যৌথ মঞ্চ ইন্ডিয়ার সদস্যরা আজ সংসদ ভবন প্রাঙ্গনে ভারতের একটি প্রথম সারির ব্যাবসায়িক গোষ্ঠীর উৎকোচ প্রদানের অভিযোগের বিরোদ্ধে বিক্ষোভ প্রদর্শন করেন । এই বিক্ষোভ কার্যসূচিতে কংগ্রেস, ডি এম কে , জে এম এম এবং বামপন্থী দলগুলি অংশ গ্রহণ করে । লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী , কংগ্রেস সাংসদ প্রিয়াংকা গান্ধী , জে এম এম-এর মহুয়া মাঝি , ডি এম কের কানিমাঝি করুণানিধি সহ অন্যান্য প্রথম সারির বিরোধী নেতারা এই বিক্ষোভ কার্যসূচিতে অংশ গ্রহণ করেন ।

------------------------------------------------------------------------------------

রাজ্যসভার সভাপতি জগদীপ ধনখড় সভা পরিচালনার ক্ষেত্রে পক্ষপাতিত্ব মূলক আচরণ করছেন বলে অভিযোগ উত্থাপন করে বিরোধী দলের সদস্যরা এর বিরুদ্ধে একটি অনাস্থা প্রস্তাব জমা দিয়েছেন । কংগ্রেস সদস্য শ্রী জয়রাম রমেশ সামাজিক

মাধ্যমে জানিয়েছেন যে বিরোধী দলের সদস্যরা এই অভিযোগ উত্থাপন করে ইতিমধ্যেই রাজ্যসভার মহা সচিবের কাছে অনাস্থা প্রস্তাবের আবেদন জমা দিয়েছে । তিনি বলেন যে বিরোধী জোট ইন্ডিয়ার সদস্যদের এর বাইরে অন্য কোন পথ না থাকার পরিপ্রেক্ষিতেই তারা রাজ্যসভার সভাপতির বিরোদ্ধে এই পদক্ষেপ গ্রহণ করেছেন । সংসদীয় গণতন্ত্র রক্ষার স্বার্থেই তাদের এই পদক্ষেপ বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

দেশের ৫১টি কেন্দ্রে আগামীকাল স্মার্ট হেকাথনের সপ্তম পর্বের ফাইনাল আরম্ভ হবে । কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে এই হেকাথনের উদ্বোধন করবেন । ফাইনালে ৩শোর অধিক ছাত্র-ছাত্রীর দল অংশ গ্রহণ করবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভি ডি ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ফাইনালে অংশ গ্রহণকারী দলগুলির উদ্দেশ্যে ভাষণ দেবেন । স্মার্ট ইন্ডিয়া হেকাথন হচ্ছে একটি দেশব্যাপী পদক্ষেপ যার মাধ্যমে দৈনন্দিন জীবনে সম্মুখীন হওয়া কিছু কিছু গুরুতর সমস্যার সমাধানের জন্য ছাত্র-ছাত্রীদের একটি মঞ্চ প্রদান করার বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় লোকসেবা আয়োগ ( ইউ পি এস সি )-র অধীন ২০২৪ সালের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে । এই পরীক্ষার ফল ইউ পি এস সির ওয়াবসাইটে প্রকাশ করা হয়েছে বলে একটি সরকারী বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সিটিজেন ফাইনানসিয়েলসাইবার ফ্রড রিপর্টিং  এন্ড মেনেজমেন্ট সিস্টেমের অধীন ব্যাংক ও অর্থনৈতিক প্রতিষ্ঠানের সহযোগীতায় সন্দেহযুক্ত সাইবার অপরাধী শনাক্ত করণ প্রক্রিয়ার পঞ্জীয়ন আরম্ভ হয়েছে ।  আজ লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রপ্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় বলেন যে এই ব্যবস্থার ফলে ৫ লক্ষ ৬০ হাজারেরো বেশী প্রবঞ্চণামূলক লেনদেন করে জনসাধারণের ১ হাজার ৪০০ কোটির ও বেশী টাকা রক্ষা করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী বলেন সাইবার অপরাধের  মূল কেন্দ্রগুলি শনাক্ত করে অবাধ সাইবার জালিয়াতি ও অভিযোগগুলি কমিয়ে আনার জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।তিনি বলেন যে সাইবার অপরাধীর মূল কেন্দ্র থাকা অঞ্চলগুলির  ওপর ভিত্তি করে সমগ্র দেশকে অর্ন্তভূক্ত করে হারিয়ানা , ঝারখন্ড , আহমেদাবাদ , চন্ডীগড় , বিশাখাপত্তনম ও গৌহাটীর জন্য ৭ টি যৌথ সাইবার  সমন্বয় দল  গঠন করা  হয়েছে ।

---

রাজ্যের নব নিযুক্ত পর্যটন মন্ত্রী রনজিৎ কুমার দাস বলেছেন যে রাজ্য সরকার কামাখ্যা মন্দিরের পর্যটনের প্রসারের বিষয়টির ওপর বিশিষ গুরুত্ব আরোপ করেছে । প্রতি বছর দেশের বিভিন্ন প্রান্ত থেকে অগনিত ভক্ত কামাখ্যা মন্দির দর্শন করতে আসেন বলে উল্লেখ করে মন্ত্রী শ্রী দাস এই মন্দিরের উন্নয়নের জন্য রাজ্য সরকার সব ধরণের প্রয়াস অব্যাহত রাখবে বলে মন্তব্য করেন । সম্প্রতি ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন মন্ত্রীসভার সম্প্রসারণে পর্যটন বিভাগের দায়িত্ব লাভ করা শ্রী দাস আজ ঐতিহাসিক কামাখ্যা মন্দির দর্শন করে এ কথা বলেন । তিনি কামাখ্যার পর্যটনের প্রসার সম্পর্কে জনসাধারণের সঙ্গেও মত বিনিময় করেন । বারাণসীর কাশী বিশ্বনাথ মন্দির করিডোরের মত ই আসাম সরকার কামাখ্যা মন্দিরের জন্য একটি করিডোর নির্মানের পদক্ষেপ গ্রহণ করবে বলে তিনি জানান ।

---

মণিপুর সরকার গতকাল বিকেল থেকে রাজ্যের ৯ টি জেলায় ইন্টারনেট ও মোবাইল ডাটা সেবা পুনরায় বহাল করেছে । রাজ্যটির সাম্প্রতিক আইন শৃঙ্খলা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই জেলাগুলিতে গত ১৬ নভেম্বর থেকে এই সেবা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছিল । জিরিবাম জেলায় ছজন নাগরিককে অপহরণ করে হত্যার ঘটনার ব্যাপক প্রতিবাদের ফলে সৃষ্টি হোয়া পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যটির ছটি উপত্যকা জেলা ও তিনটি পার্বত্য জেলায় ইন্টারনেট ও মোবাইল ডাটা সেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ।রাজ্যের গৃহ বিভাগের গতকাল জারি করা এক আদেশ অনুযায়ী রাজ্যের সাম্প্রতিক আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করে ইন্টারনেট ও মোবাইল ডাটা সেবার ওপর থাকা নিষেধাজ্ঞা প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । অবশ্য ইন্টারনেট ব্যবহারকারীদের রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির প্রতি হুমকির মতো পরিস্থিতির সৃষ্টি হোয়া যেকোনো কাজ থেকে বিরত থাকতে আহ্বান জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় চলতি বছর আসাম হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় ৭৫ শতাংশ নম্বর নিয়ে পাশ করা ছাত্র-ছাত্রীদের আগামী ১৩ ই ডিসেম্বর আনন্দ রাম বরুয়া পুরষ্কার প্রদান করা হবে । শ্রীভূমি জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক জানিয়েছেন যে আগামী ১৩ই ডিসেম্বর শ্রীভূমি শহরের নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ছাত্র-ছাত্রীদের হাতে আনন্দরাম বরুয়া পুরষ্কার প্রদান করা হবে । ছাত্র-ছাত্রীদের সকাল ১১ টায় নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় মানবাধিকার সংস্থার উদ্যোগে আজ শিলচর পেনশনার্স ভবনে আর্ন্তজাতিক মানব অধিকার দিবস পালন করা হয়েছে । সংস্থার সভাপতি ইরাবত সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন সিডিসি বিভাস দেব মূখ্য অতিথি হিসেবে বক্তব্য রাখেন । শুরুতে মানবাধিকার দিবসের তাৎপর্য্য নিয়ে প্রাক্তন অধ্যাপিকা সুমিতা ঘোষ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------

বড়খলা সুসংহত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে বড়খলা শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে  অঙ্গনওয়াড়ি কর্মী হিসেবে স্বেচ্ছাসেবী পরিষেবা প্রদানের জন্য মহিলা প্রার্থীদের কাছ থেকে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা হিসেবে আবেদনের জন্য আহ্বান জানানো হয়েছে । আবেদন পত্র ডেভেলাপমেন্ট প্রজেক্ট আধিকারীকের কার্য্যলয় এবং বড়খলা শিশু উন্নয়ন প্রকল্প আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে । আগামী ১৯শে ডিসেম্বরের মধ্যে আবেদন করা যাবে ।

---------------------------------------------------------------------------------------------